

🔳 আন-নাজম | An-Najm | النَّجْم

আয়াতঃ ৫৩: ২২

💵 আরবি মূল আয়াত:

تِلكَ إِذًا قِسمَةٌ ضِيزَى ﴿٢٢﴾

🗚 অনুবাদসমূহ:

এটাতো তাহলে এক অসঙ্গত বন্টন! — আল-বায়ান

তাহলে এটাতো খুবই অসঙ্গত ভাগ-বাঁটোয়ারা। — তাইসিরুল

এ ধরণের বন্টনতো অসঙ্গত। — মুজিবুর রহমান

That, then, is an unjust division. — Sahih International

২২. এ রকম বন্টন তো অসঙ্গত।(১)

(১) ضور শব্দটি ضور থেকে উদ্ভূত। এর অর্থ জুলুম করা, অধিকার খর্ব করা, অসংগত কিছু করা। অনেক মুফাসসির এর অর্থ করেছেন নিপীড়নমূলক বন্টন। অর্থাৎ এসব দেবীদেরকে তোমরা আল্লাহর কন্যা সন্তান বলে ধরে নিয়েছো। [কুরতুবী, ফাতহুল কাদীর] এ অর্থহীন আকীদা-বিশ্বাস গড়ে নেয়ার সময় তোমরা আদৌ এ চিন্তা করনি যে, মেয়ে সন্তান জন্মগ্রহণকে তোমরা নিজেদের জন্য অপমানকর ও লজ্জাকর মনে করে থাক। তোমরা চাও যেন তোমরা পুত্র সন্তান লাভ কর। কিন্তু যখন আল্লাহর সন্তান আছে বলে ধরে নাও, তখন তাঁর জন্য কন্যা সন্তান বরাদ্দ কর। এটা কি নিপীড়নমূলক বন্টন নয়? [মুয়াসসার]

তাফসীরে জাকারিয়া

(২২) তাহলে এ তো অন্যায্য বন্টন। [1]

[1] ضيزي এর অর্থ হল, অন্যায্য; ন্যায় ও সঠিকতা থেকে দূরে।

তাফসীরে আহসানুল বায়ান

Source — https://www.hadithbd.com/quran/link/?id=4806

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন